



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

www.pmeat.gov.bd



নং-৩৭.২৪,০০০০.০৩.০৯৮,০০৮.২১-০৮

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০-এর ৯ ধারা অনুযায়ী নিম্নোক্ত নথি (৯) সদস্য বিশিষ্ট ‘বাছাই কমিটি’ গঠন করা হ’ল:

বাছাই কমিটি		
ক্রম:	পদবী	কমিটিতে অবস্থান
১.	পরিচালক (যুগ্মসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	সভাপতি
২.	উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	সদস্য
৩.	সিডিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা	সদস্য
৪.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৫.	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর উপপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৬.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-র উপপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৭.	কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-র উপপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৮.	মানবসম্মত শিক্ষা অধিদপ্তর, ঢাকা-র উপপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৯.	সহকারী পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	সদস্য সচিব

২। কমিটির কর্মপরিধি:

- ক. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সকল আবেদনপত্র নির্দেশিকার আওতায় যাচাই-বাছাই করে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য ও অযোগ্য শিক্ষার্থীর তালিকা সম্বলিত সুপারিশ প্রস্তুত করে ব্যবস্থাপনা পরিচালকের নিকট পেশ করা;
- খ. কোন আবেদনপত্রে আবেদনকারীর বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের ইচ্ছাকৃত কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা তৎক্ষনিকভাবে চিহ্নিত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের বরাবর সুপারিশ প্রণয়ন করা;
- গ. অনিচ্ছাকৃত বা লঘু ত্রুটির ক্ষেত্রে সংশোধনযোগ্য আবেদনপত্রসমূহ চিহ্নিত করে পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করা; এবং
- ঘ. ব্যবস্থাপনা পরিচালক প্রতি অর্থবছরে প্রয়োজনীয় সংখ্যক সভা আহবান করবেন।

১০/১০/০১.০৯.২০২১
(নামসূচি)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০, ৫৫০০০৮২৩
ই-মেইল: md@pmeat.gov.bd